মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১৪/১১/২০২১ তারিখ বেলা ২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান। |
| তারিখ | : | ১৪/১১/২০২১ খ্রিঃ। |
| সময় | : | ২.০০ ঘটিকা। |
| স্থান | : | মবক'র সভা কক্ষ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-
১। গত ১১/১০/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৯টি মীমাংসা পত্র জারীর বিষয়টি বিলম্বিত হওয়ায় মবক'র পত্র নং-৭৬৬, তাং-০৮/০৭/২০২১ খ্রিঃ মূলে মহাপরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকায় তাগিদপত্র প্রেরণ করা হয়। এছাড়া গত ১৯/০৯/২১ খ্রিঃ তারিখে এ সংস্থার নিরীক্ষা কর্মকর্তা ঢাকায় উক্ত অধিদপ্তরের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে আসেন। পরবর্তীতে উক্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, এই বিষয়ে আলাদা আলাদা নথি উপস্থাপন করা হয়েছে। | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| | | খ) ২০২১ সনে উত্থাপিত ৭০(সত্তর) টি আপত্তির মধ্যে প্রাথমিকভাবে ৫৮ টি আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১২(বার)টি অডিট আপত্তির মধ্যে পত্র নং-১৩৫৬, তাং-৩১/১০/২০২১ খ্রিঃ মূলে ০৮(আট)টি আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে; বাকী ০৪(চার)টি আপত্তির পূর্ণাঙ্গ জবাব প্রশাসন বিভাগ হতে না পাওয়ায় ব্রডশীট জবাব প্রেরণ করা সম্ভব হয়নি। এ বিষয়ে পত্র নং-৮৩৪, তাং-০৭/১১/২১ খ্রিঃ মূলে বিষয়টি অবহিত করা হয়েছে। এ বিষয়ে প্রধান নিরীক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় অবহিত করেন যে, আগামী সভার পূর্বে ২০টি অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। | খ) অবশিষ্ট ০৪টি অডিট আপত্তির পূর্ণাঙ্গ জবাব নিরীক্ষা ও পরিদর্শন বিভাগে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | | গ) অনিষ্পন্ন অডিট আপত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে এবং পত্র নং-৮২৬, তাং-১৩/১০/২১ খ্রিঃ মূলে অনিষ্পন্ন অডিট আপত্তির পূর্ণাঙ্গ জবাব প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান বরাবর পত্রজারী করা হয়েছে। | গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ২. | মোংলা পোর্ট পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) মোংলা পোর্ট পৌর ট্রাক টার্মিনালের পরিচালনা নীতিমালা বোর্ডসভায় উপস্থাপনের লক্ষ্যে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br><br>খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। নীতিমালাটি বোর্ড সভায় অনুমোদিত হলে ট্রাক-টার্মিনালের দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করা হবে। | ক) নীতিমালাটি বোর্ড সভায় উপস্থাপনপূর্বক জরুরীভিত্তিতে অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>খ) বোর্ড সভায় নীতিমালা অনুমোদিত হলে পরিচালনা কমিটি কর্তৃক দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন), সচিব (বোওজস) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২২/০৩/২০২০ | কমিটি কর্তৃক দাখিলকৃত খসড়া নীতিমালাটি চূড়ান্তকরণের লক্ষ্যে হারবার মাস্টার এর নিকট প্রেরণ করা হয়েছে। হারবার মাস্টারের নিকট হতে সংশোধিত নীতিমালা এখনও পাওয়া যায়নি। | হারবার মাস্টার এর নিকট হতে নীতিমালা প্রাপ্তির পর তা সদস্য মহোদয়গণের মতামতসহ চেয়ারম্যান, মবক এর নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |
| ৪. | অবৈধ দখলদার উচ্ছেদ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২২/০৩/২০২০ | মবক'র স্থায়ী বন্দর ও পুরাতন মোংলার সকল অবৈধ দখলদারদের তালিকা যাচাই বাছাই করে হালনাগাদের কার্যক্রম চলমান আছে। তালিকা হালনাগাদের পর অবৈধ দখলদারদের উচ্ছেদে The Port Authorities lands and Buildings (recovery of possession) ordinance, 1962 মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। চেয়ারম্যান মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, আবাদের জন্য কোন জমি বরাদ্দ দেয়া হবে না কারণ ড্রেজিংয়ের জন্য জমি প্রয়োজন। আগামী জানুয়ারি, ২০২২ থেকে আবাদের জন্য জমি বরাদ্দ বন্ধ থাকবে। | (ক) আগামী ১৫-১২-২০২১ তারিখের মধ্যে অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম শুরু করতে হবে।<br><br>(খ) আগামী ২০২২ থেকে ফসল উৎপাদনের জন্য জমি ব্যবহারের অনুমতি প্রদান বন্ধ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| ৫. | এপিএ বাস্তবায়ন অগ্রগতি।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১৯-০৮-২০২০ | মবক'র এপিএ ২০২১-২০২২ এর ১ম ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন নৌপমে প্রেরণ করা হয়েছে এবং APAMS সফটওয়্যারে ১৪/১০/২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপলোড করা হয়েছে। সভার সভাপতি মহোদয় এপিএ'র অগ্রগতির হার সন্তোষজনক না হওয়ায় সকলকে একযোগে কাজ করে এপিএ'র অগ্রগতি বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) এপিএ'র আগামী ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে অগ্রগতির হার বৃদ্ধি করতে হবে। | উপ-পরিকল্পনা প্রধান |
| | | (খ) ই-নথির কার্যক্রম বেগবান করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | (খ) ই-নথির কার্যক্রম বেগবান করতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৬. | বাসা বরাদ্দ/বাতিল।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২২-১০-২০২০ | সাবলেট অপসারণের জন্য ২৮/১০/২০২১ তারিখে ১০ জন কে পত্র প্রেরণ করা হয়। তন্মধ্যে ০৬জন সাবলেট অপসারণ করেছেন। অবশিষ্ট ০৪ জনের মধ্যে জনাব আলমগীর হোসেন জানিয়েছেন যে, তার বাসায় বোন এবং তার ছেলে থাকে। জনাব রেজাউল করিম জানিয়েছে যে, তার বাসায় তার বড় ভাই থাকে। জনাব জোসেফ এর বাসা সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, তার বাসায় তার ছোট ভাই তার ভাতিজা থাকে। জনাব দাউদ আলীর বাসা সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, তার বাসায় তার বোনের পরিবার থাকে এসএসসি পরীক্ষার পর তারা বাসা ছেড়ে দিবেন। | মবক'র কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্যান্য সকল বরাদ্দ গ্রহীতাদের আগামী ৩১ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে বরাদ্দকৃত বাসা আবশ্যিকভাবে ছেড়ে দেওয়ার জন্য বরাদ্দ গ্রহীতাদের পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৭. | আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>০৩-০৩-২০২১ | ক) মোংলা বন্দর ব্যবহারে ব্যবহারকারীদের উৎসাহ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে গত ২১/১০/২০২১ খ্রিঃ তারিখে মোংলা বন্দরের মাধ্যমে ঢাকা ম্যাস ট্রানজিট কোং লিঃ এবং মিটসুবিশি করপোরেশন, ঢাকা, মেট্রো প্রোজেক্ট, ঢাকা এর আমদানিকৃত মালামাল হ্যান্ডলিং সংক্রান্ত বিষয়ে সদস্য (প্রঃ ও উঃ) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া, গত ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখে সদস্য (হাঃ ও মেঃ) মহোদয়ের সভাপতিত্বে মোংলা বন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানির বিষয়ে H & M HENNES & MAURITZ, ঢাকা এর সাথে জুম এ্যাপস এর মাধ্যমে Microsoft Teams Meeting করা হয়। | ক) মোংলা বন্দর ব্যবহারে ব্যবহারকারীদের উৎসাহ প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার, পরিচালক (ট্রাফিক) ও প্রধান প্রকৌশলী (যাঃও তঃ) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | খ) বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইম্পোর্টার্স এন্ড ডিলার্স এসোসিয়েশন (বারভিডা) ও মোংলা বন্দর কর্তৃপক্ষের মধ্যে গত ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার ১ (ক) নং সিদ্ধান্তমতে মোংলা বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা আমদানিকৃত গাড়ি দ্রুত অপসারণের নিমিত্তে সুপারিশমালা প্রণয়নের জন্য গত ২৩/০৯/২০২১ ইং তারিখ ডেপুটি কমিশনার, মোংলা কাস্টম হাউসকে আহবায়ক করে মবক, বিএসএএ ও বারভিডার প্রতিনিধির সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে পত্র প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়েছে। দীর্ঘদিন পড়ে থাকা আমদানিকৃত গাড়ি দ্রুত অপসারণের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের নিমিত্তে গঠিত কমিটির প্রথম সভা গত ২৪/১০/২০২১ ইং তারিখ অনুষ্ঠিত হয়। কমিটির কার্যক্রম অব্যাহত আছে।<br>উল্লেখ্য, শুল্ক বিভাগ কর্তৃক সম্প্রতি ৩০ দিনের উর্ধে বন্দরে রক্ষিত পুরাতন গাড়ির বিষয়ে প্রতি মাসে ২টি করে নিলাম প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। ২০১১ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত ৪১৯ ইউনিট গাড়ি দীর্ঘদিন পড়ে আছে এর মধ্যে ২৪১ ইউনিট গাড়ি আমদানি নিয়ন্ত্রিত। ইতোমধ্যে আমদানি নিয়ন্ত্রিত ১৭৪ ইউনিট গাড়ি নিলামের মাধ্যমে ও ১২ ইউনিট স্বাভাবিক প্রক্রিয়ায় আমদানিকারকদের অনুকূলে ডেলিভারী প্রদান করা হয়েছে। ২০১৬ সালের পর হতে ০২/১১/২০২১ পর্যন্ত ৩০ দিনের উর্ধে রক্ষিত আরো ১৫৭৬ ইউনিট গাড়ি বন্দরে পড়ে আছে। | খ) শেডে/ইয়ার্ডে রক্ষিত গাড়িসমূহ কাস্টমস বিভাগের সাথে সমন্বয়পূর্বক দ্রুত ডেলিভারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৮. | মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য গঠিত কমিটির প্রতিবেদনে প্রতি ঘনফুট বালু/মাটির মূল্য ১.৭১ টাকা নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে। বর্তমান রেট প্রতি ঘনফুট ৩.৪০ টাকা। বোর্ড সভায় উপস্থাপনের লক্ষ্যে কার্যপত্র ও নথি (বোর্ড ও জসঃ) বিভাগে প্রেরণ করা হয়েছে। | (১) বোর্ড সভার সিদ্ধান্ত প্রাপ্তির পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) বোর্ড সভার সিদ্ধান্ত প্রাপ্তির পর বালু/মাটি বিক্রির লক্ষ্যে সকল শিল্প প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৯. | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | গাজী মেডিকেল ও সিটি মেডিকেল কলেজ হাসপাতালের সাথে MoU স্বাক্ষরের জন্য প্রস্তুত করা হয়েছে। চেয়ারম্যান মহোদয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত তারিখে MoU স্বাক্ষরের ব্যবস্থা নেয়া হবে। এ বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা জানান যে, সিটি মেডিকেলের চেয়ারম্যানের উপস্থিতিতে মবক'র সহিত MoU স্বাক্ষরিত হয়েছে। | ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে গাজী মেডিকেলের সাথে সমঝোতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন, ০২টি কম্পিউটার এবং ০৩টি প্রিন্টার সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ৩০-০৫-২০২১ | ক) ০১টি ফটোকপি মেশিন সরবরাহ করা হয়েছে। কার্যাদেশ প্রদানের পর অবশিষ্ট মালামাল সরবরাহ করা হবে।<br>(খ) দৈনিক হাজিরা ভিত্তিতে ফটোকপি মেশিন অপারেটর নিয়োগ প্রক্রিয়াধীন। | ক) চাহিদা অনুযায়ী ০২টি কম্পিউটার ও ০২টি প্রিন্টার দ্রুততার সাথে সরবরাহ করতে হবে।<br>খ) একজন অভিজ্ঞ ফটোকপি মেশিন অপারেটর দৈনিক মজুরী ভিত্তিক হিসেবে নিয়োগ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১১. | যাদের চাকুরী ২০/২৫ বছর হয়েছে তাদের সমস্কেলে পদ পরিবর্তন করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ৩০-০৫-২০২১ | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের সম্মতি গ্রহণের কার্যক্রম চলমান। পদ পরিবর্তন বিষয়ে সম্মতি গ্রহণ সাপেক্ষে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করে বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ১২. | মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত জমির বকেয়াসহ সকল পাওনা আদায়।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ৩০-০৫-২০২১ | বকেয়া অর্থের তালিকা গত ০৬/০৬/২১ তারিখে অর্থ ও হিসাব বিভাগকে সরবরাহ করা হয়েছে। জুলাই ২০২১ পর্যন্ত আদায় ১,০২,৯৮,৯২২/- (এক কোটি দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত বাইশ) টাকা মাত্র। বকেয়া অর্থ আদায়ের কার্যক্রম চলমান আছে। মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত জমির বকেয়াসহ সকল পাওনা আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করতে হবে। বকেয়া ভাড়া এবং মবক'র পাওনা আদায়ের কার্যক্রম চলমান আছে। | বকেয়াসহ মবক'র সকল পাওনা আদায়ের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | অকেজো/অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা গাড়ি নিলাম।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | প্রশাসন বিভাগের ০২টি কার এবং ০২টি পিকআপ গাড়ি নিলামের লক্ষ্যে অকেজো ঘোষণা ও নিষ্পত্তিকরণ কমিটিতে সদস্য হিসেবে মন্ত্রণালয়ের ০২জন প্রতিনিধি রয়েছেন। মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ) জানান যে, মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম পাওয়া গেছে। নিলামের পরবর্তী কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে। | নিলামযোগ্য গাড়ীগুলো দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ) |
| ১৪. | ট্রাফিক অফিসার এবং জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | আগামী ডিসেম্বর,২১ মাসে ট্রাফিক অফিসার পদের নিয়োগ পরীক্ষা গ্রহণের বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। জেলা প্রশাসক, খুলনা এর সার্বিক সহযোগিতায় জুঃ আঃ এ্যাঃ পদের নিয়োগ পরীক্ষা গ্রহণের বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ট্রাফিক অফিসার এবং জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট পদের জনবল দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৫. | ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে জলাবদ্ধতা নিরসন।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | বৃষ্টি হলে ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে পানি জমে থাকায় ভবনে প্রবেশে সমস্যা হয়। উক্ত প্রবেশদ্বারে কাঁচা ড্রেনেজ ব্যবস্থা সংস্কার করার জন্য প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে এবং আরসিসি ড্রেন নির্মাণ কাজের প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান। | ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৬. | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী অন্তর্ভুক্ত করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। ইতোমধ্যে যাঃ ও তঃ বিভাগ হতে প্রতিনিধি মনোনয়ন দেওয়া হয়েছে। | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী মনোনয়ন পাওয়া গিয়েছে বিধায় বিষয়টি পরবর্তী সভার এজেন্ডা হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) ও হারবার মাস্টার |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭. | মবক'র কেন্দ্রীয় জামে মসজিদ মেরামত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১১-১০-২০২১ | মোংলা বন্দর কর্তৃপক্ষের কেন্দ্রীয় জামে মসজিদে বারান্দার অংশে টিন পরিবর্তনের কাজ চলমান। ছাদ ভেঙ্গে পুনঃ নির্মাণ কাজের প্রাক্কলন নথি অনুমোদনের জন্য সদস্য (প্রঃ ও উঃ) মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে। | মবক'র কেন্দ্রীয় জামে মসজিদ মেরামতের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

নতুন এজেন্ডাঃ-

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | নিরাপত্তা বিভাগের এজেন্ডাঃ<br>নিরাপত্তা বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ। | নিরাপত্তা বিভাগের অনুমোদিত সেট আপে ৩৪৭ টি পদের মধ্যে বর্তমানে ১৫৭ জন কর্মরত এবং ১৯০ টি পদ শুন্য রয়েছে। নিরাপত্তা বিভাগের মোট কর্মকর্তার অনুমোদিত পদ ০৮ (আট) টি, এর মধ্যে ৬ জন কর্মরত এবং ০২ টি পদ শুন্য রয়েছে। নিরাপত্তা কর্মকর্তার ০১ টি পদ শুন্য রয়েছে এবং সহকারী নিরাপত্তা কর্মকর্তার ০৩ টি পদের মধ্যে ০২ জন কর্মরত আছে যার মধ্যে ০১ জন আগামী ১১/১২/২০২১ ইং তারিখ পিআরএল গমন করবেন। এছাড়া নিরাপত্তা পরিদর্শকের ০৫ টি পদের মধ্যে ০৩ টি পদ শুন্য রয়েছে, নিরাপত্তা উপ-পরিদর্শকের ১১টি পদের মধ্যে ০৫ টি পদ শুন্য রয়েছে, নিরাপত্তা হাবিলদারের ৩৫ টি পদের মধ্যে ১৯টি পদ শূন্য রয়েছে এবং নিরাপত্তা প্রহরীর ২২৮ টি পদের মধ্যে ১১৯ টি পদ শুন্য রয়েছে। নিরাপত্তা বিভাগের অফিস কর্মচারীদের অফিস সুপার ০১ টি, ষ্টেনোগ্রাফার ০১ টি, ইউডিএ ০১ টি, এলডিএ ০৭ টি, স্পীড বোট ড্রাইভার ০১ টি, ষ্টোর এ্যাসিস্ট্যান্ট ০১ টি, অফিস সহায়ক ০৬ টি এবং পরিচ্ছন্ন কর্মী ০১ টি সহ মোট ২০ টি পদ শূন্য রয়েছে। ফলে বিভাগের দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। জরুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মকর্তা, সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা পরিদর্শক, নিরাপত্তা প্রহরী এবং অফিস কর্মচারী পদে নতুন লোক নিয়োগ দেওয়া বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | নিরাপত্তা বিভাগে জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ২. | নিরাপত্তা বিভাগের অধিকাল ভাতা ও নাইট বিল বৃদ্ধিকরণ। | মবক এর অনুমোদিত সেটআপে নিরাপত্তা বিভাগের অপারেশনাল কর্মচারীর পদ ৩৩৯টি। বর্তমান কর্মরত কর্মচারীর সংখ্যা ১৫১ জন এবং শুন্য পদের সংখ্যা ১৮৮ টি। বন্দরে ১১৯ জন আনসার নিয়োজিত থাকার পরও ডিউটি পোস্ট অনুযায়ী নিরাপত্তা কর্মী ঘাটতি রয়েছে। এছাড়াও ভি আই পি ডিউটি, টেন্ডার ডিউটি, অবৈধ স্থাপনা উচ্ছেদ ইত্যাদি কাজে নিরাপত্তা কর্মী নিয়োগ করতে হয়। স্থায়ী বন্দর, পুরাতন মোংলা ও খুলনায় ডিউটি পোস্ট বৃদ্ধি করা হয়েছে। এ সকল ডিউটি পোস্ট পরিচালনার জন্য মোট ৪৬১ জন নিরাপত্তা কর্মী প্রয়োজন। অনুরুপ অনুমোদিত সেট-আপের তুলনায় ফায়ার ও গোয়েন্দা শাখার অপারেশনাল কর্মচারীর স্বল্পতা রয়েছে। লোকবল স্বল্পতার কারণে কোন কর্মচারী ছুটিতে গেলে তদস্থলে কর্মরত লোকবল দ্বারা ওভার টাইমের মাধ্যমে ডিউটি করানোর প্রয়োজন হয়ে পড়ে। সাপ্তাহিক ছুটি ২ দিন হওয়ায় ও সরকারি ছুটির দিনে লোকবল স্বল্পতার কারণেও ছুটির দিনগুলি ওভার টাইমের মাধ্যমে ডিউটি করানো হয়ে থাকে। এ ডিউটি করানোর ফলে ০১ (এক) জন কর্মচারীকে দিয়ে প্রতিমাসে ৭০/৮০ ঘন্টা করে ওভার টাইম করানো হয়ে থাকে। এ ছাড়া বার্ষিক বেতন বৃদ্ধির ফলে ওভার টাইমের হার বৃদ্ধি পেয়েছে। কিন্তু বাজেট স্বল্পতার কারণে কর্মচারীদের প্রকৃত ওভার টাইম কমিয়ে স্বল্প পরিসরে ওভার টাইম প্রদান করা হচ্ছে। এ প্রেক্ষিতে নিরাপত্তা বিভাগের অধিকাল ভাতা খাতে বাজেট বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া নতুন নিয়োগপ্রাপ্ত ১০৯ জন নিরাপত্তা প্রহরীকে নৈশ ডিউটি করানো হচ্ছে বিধায় তাদের অতিরিক্ত নৈশ ভাতা প্রদান করা হচ্ছে। উল্লেখ গত ২০২০-২১ অর্থ বছরে নিরাপত্তা বিভাগের অধিকাল ভাতা ও নৈশ ভাতার বাজেট বরাদ্দ ছিলো পর্যায়ক্রমে ৩২,০০,০০০/- ও ১৭,০০,০০০/- টাকা। পরবর্তীতে নতুন ১০৯ জন নিরাপত্তা প্রহরী নিয়োগপ্রাপ্ত হলেও বাজেট বৃদ্ধি করা হয়নি। এমতাবস্থায় নিরাপত্তা বিভাগের কর্মচারীদের অতিরিক্ত কর্মঘন্টা অনুযায়ী অধিকাল ভাতা প্রদানের লক্ষ্যে ৭৫,০০০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকা এবং নৈশ ভাতা প্রদানের লক্ষ্যে ৫৪,০০০০০ (চুয়ান্ন লক্ষ) টাকা সংশোধিত বাজেটে বরাদ্দ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | নিরাপত্তা বিভাগের অধিকাল ভাতা ও নাইট বিল বৃদ্ধিকরণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | প্রধান নিরাপত্তা কর্মকর্তার ইমপ্রেষ্ট ক্যাশ বৃদ্ধিকরণ। | মবক'র নিরাপত্তা বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। নিরাপত্তা বিভাগের শাখা অফিসসমূহের দাপ্তরিক কাজ পরিচালনায় জরুরী ভিত্তিতে বিভিন্ন মালামাল ক্রয় করা হয়ে থাকে। এছাড়া মবক'র নিরাপত্তা নিশ্চিতে খুলনা ও মোংলায় ১৬০ টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। উক্ত ক্যামেরাসমূহ সার্বক্ষণিক তদারকির জন্য ক্যামেরা এ্যাডাপ্টার, পাওয়ার ক্যাবেল ইত্যাদি নষ্ট হলে তাৎক্ষণিক ক্রয়ের মাধ্যমে ক্যামেরাসমূহকে সচল রাখা হয়। প্রধান নিরাপত্তা কর্মকর্তার ইমপ্রেষ্ট ক্যাশ হতে এসকল ব্যায় নির্বাহ করা হয়। কিন্তু প্রধান নিরাপত্তা কর্মকর্তার ইমপ্রেষ্ট ক্যাশ এর পরিমাণ বাৎসরিক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা নির্ধারিত থাকায় জরুরী প্রয়োজনে বিভিন্ন মালামাল ক্রয়ে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। এমতাবস্থায়, নিরাপত্তা বিভাগের দাপ্তরিক কাজ পরিচালনায় জরুরী মালামাল ক্রয় এবং সিসিটিভি ক্যামেরাসমূহকে সার্বক্ষণিক সচল রাখার লক্ষ্যে প্রধান নিরাপত্তা কর্মকর্তার ইমপ্রেষ্ট ক্যাশ এর পরিমাণ বাৎসরিক ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা নির্ধারণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | বোর্ড সভায় উপস্থাপনপূর্বক সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ০২-১২-২১
রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- / /২০২১ খ্রিঃ।

<u>অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) :</u>

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। বিভাগ/কোষ প্রধান:

........................................................................ মবক, মোংলা।

৩। সভাপতি/সাধারণ সম্পাদক সিবিএ, মবক, মোংলা।
৪। সহাকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স), মবক, মোংলা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

06/12/2021

মোঃ শাহীনুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন)
মোংলা বন্দর কর্তৃপক্ষ